প্রণাম মন্ত্র—"ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ।।" অতঃপর পুনরায় কূর্মমুদ্রাযোগে সচন্দন রক্তবর্ণ পুষ্প ও বিল্বপত্রাদি লইয়া—দেবীর ধ্যান (পৃঃ ৩০) করিয়া ষোড়শোপচারে, দশোপচারে বা পঞ্চোপচারে দেবীর পূজা করিবেন। (ষোড়শোপচার—আসনং, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, স্নানীয়, বস্ত্র, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, পুনরাচমনীয়, তাম্বুল [অর্চনা, স্তোত্রপাঠ, তর্পণ এবং নমস্কার]। দশোপচার—পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয়, পুনরাচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য) দ্বারা পূজাপূর্বক অসামর্থ্য পক্ষে—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য — এই পঞ্চোপচারে পূজাপূর্বক—"ওঁ নারদাদ্যাদি মুণিগণেভ্যোঃ নমঃ।" মন্ত্রে একত্রে মুনিগণের পূজাপূর্বক পঞ্চপুষ্পাঞ্জলি দিবেন, যথা—"এষঃ সচন্দন পুষ্প বিল্বপত্রাঞ্জলিঃ ওঁ দূং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গায়ৈ নমঃ।" মন্ত্রে পাঁচবার পুষ্পাঞ্জলি দিবেন। অতঃপর সচন্দন পুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ সাঙ্গায়াঃ সাবরণায়াঃ সায়ুধায়াঃ সপরিবারায়াঃ সবাহনায়াঃ শ্রীমন্নীলকণ্ঠ ভৈরব সহিতায়াঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গায়ৈ নমঃ।" অতঃপর তত্ত্বমুদ্রায় তিনবার তর্পণ করিবেন। যথা—"ওঁ সাঙ্গায়াঃ সাবরণায়াঃ সায়ুধায়াঃ সপরিবারায়াঃ সবাহনায়াঃ শ্রীমন্নীলকণ্ঠ ভৈরব সহিতায়াঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাদেব্যাঃ শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।।" এই মন্ত্রে তিনবার তর্পণ করিবেন। অতঃপর ওঁ দূং ওঁ মন্ত্রে প্রাণায়াম করিয়া অষ্টোত্তরশত বা সাধ্যানুসারে অষ্টোত্তর শতসহস্রবার—"দূং ওঁ জগদ্ধাত্রী দুর্গায় স্বাহা।" মন্ত্র জপপূর্বক, এক গণ্ডূষ জল লইয়া মন্ত্র পাঠান্তে দেবীর নিম্ন বামহস্ত উদ্দেশ্যে জলগণ্ডুষ দিয়া জপ সমর্পণ করিবেন। মন্ত্র, যথা—"ওঁ গুহ্যাতিগুহ্য গোপ্তৃ ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎ প্রসাদান্মহেশ্বরি।।"

এইরূপে জপসমর্পণ করিয়া প্রণাম করিবেন। যথা—"ওঁ সর্বমঙ্গলে মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোহস্তুতে॥" অতঃপর আচার অনুসারে এই সময় বলিদান করিবেন।

তন্ত্রোক্ত বলি প্রকরণ

অথ বলি লক্ষণং—দ্বিবিধো বলিরাখ্যাতঃ সাত্ত্বিকো রাজসস্তথা। সাত্ত্বিকো বলিরাখ্যাতো মাংসরক্তাদি বর্জিতঃ॥ রাজসো মাংসরক্তাদিযুক্তঃ সপ্রোচ্যতে প্রিয়ে॥ ত্রিবিধো বলয়ঃ প্রোক্তা উত্তমাধমমধ্যমাঃ। উত্তমশ্চোত্তমং দদ্যান্মধ্যমো মধ্যমস্তথা॥ অধমঃ কথ্যতে দেবি অধমেঽপ্যধমাগতিঃ।

অর্থাৎ—বলি দ্বিবিধপ্রকার, সাত্ত্বিক এবং রাজস বলি। সাত্ত্বিক বলি মাংস রক্তাদি বর্জিত। রাজস বলি মাংসরক্তাদিযুক্ত। বলি ত্রিবিধ প্রকার যথা—উত্তম, অধম এবং মধ্যম। উত্তম বলি প্রদানে উত্তম ফললাভ, মধ্যম বলি প্রদানে মধ্যম ফললাভ, অধম বলিপ্রদানে অধমগতি লাভ হয়।

বর্ণভেদে পশুর জাতি নির্ণয়—শ্বেতশ্চ ছাগলশ্চৈব ব্রাহ্মণস্য বিশিষ্যতে। রক্তং শ্বেতং ক্ষত্রিয়স্য বৈশ্যস্য গৌরমেবচ। নানাবর্ণং হি শূদ্রস্য সর্বেষা মঞ্জন প্রভং পশুনাঞ্চৈব যণ্মাস্য পরতশ্চ বলির্ভবেৎ। ছাগলঃ কৃষ্ণঃ শ্বেতো বা দ্বিবর্ষাৎ পরতো যদি। কৃষ্ণবর্ণং পশুশ্রেষ্ঠং ছাগলং নবযৌবনং। ছেদয়েদেক ঘাতেন স্বয়ং বা দ্বিজসত্তমঃ।

অর্থাৎ শ্বেতবর্ণ ছাগ ব্রাহ্মণ জাতি। শ্বেত ও রক্তবর্ণ ক্ষত্রিয় জাতি; গৌরবর্ণ বৈশ্যজাতি। নানাবর্ণের ছাগ শূদ্র এবং কাজলের ন্যায় বর্ণবিশিষ্ট ছাগ সর্বজাতি বুঝিবেন। পশুর ছয় মাস বয়সের বলি করিবেন। কৃষ্ণবর্ণ এবং শ্বেতবর্ণের ছাগ দুই বৎসর বয়সের পরে বলি দিবেন। নবযৌবন কৃষ্ণবর্ণ ছাগ পশুর মধ্যে শ্রেষ্ঠ বলিয়া জানিবেন। স্বয়ং অথবা অসামর্থে অপরের দ্বারা এক আঘাতে

ছেদন করিবেন।

উত্তম ও অধম পশুনির্ণয়—একবর্ণঃ পশু শ্রেষ্ঠো দ্বিবর্ণো মধ্যমঃ স্মৃত। অধমঃ পরমেশানি বহুবর্ণ যুতঃ পশুঃ।

অর্থাৎ একবর্ণের পশু শ্রেষ্ঠ, দ্বিবর্ণযুক্তপশু মধ্যম এবং বহুবর্ণযুক্ত পশুকে অধম বলা হইয়াছে। ইহা শিবাবাক্য।

অথঃ বলিদোষাঃ—কৃশেশ্চাপি ভবেদ্রোগী বালে বালকনাশনং। অঙ্গহীনে চ দারিদ্র্যং অধিকাঙ্গে হরের্ভয়ং॥ শিরষ্টিকে হতো মন্ত্রী তাম্রপৃষ্ঠে হতশ্রিয়ঃ। পুচ্ছহীনে ভবেন্মৃত্যুর্ঘণ্টাগ্রীবে হতায়ুষঃ॥

অর্থাৎ—কৃশকায় পশু বলিদানে রোগী হয়। শিশুছাগ বলিদানে নিজ বালকের মৃত্যু হয়। অঙ্গহীন পশু বলিদানে দুঃখ-দারিদ্র্য হয়। অধিকাঙ্গ পশু বলিতে ভয় হয়। মস্তকে দোষ বা ক্ষতচিহ্নাদিযুক্ত পশুবলিতে মৃত্যু, তাম্রবর্ণপৃষ্ঠযুক্ত পশুবলিতে শ্রী (ঐশ্বর্য্য) নষ্ট হয়। পুচ্ছহীন পশুবলিতে মৃত্যু। ঘণ্টাকৃতি গ্রীবাযুক্ত পশুবলিতে আয়ুনাশ হয়।

রুধির পাত্র—রৌপ্য, নবমৃণ্ময় পাত্র, কাংস্যপাত্র এবং পিত্তলের পাত্রই শ্রেষ্ঠ রুধির পাত্র। কাষ্ঠময় পাত্র এবং লৌহপাত্রে রুধির দান করিবেন না।

ছাগোৎসর্গ—সুলক্ষণযুক্ত পশুকে স্নান করাইয়া দেবীর সম্মুখে রাখিয়া কিঞ্চিৎ শ্বেত সরিষা লইয়া—"ফট্" মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করিয়া মন্ত্র পাঠপূর্বক পশুর গাত্রে ছড়াইবেন। মন্ত্র, যথা—"ওঁ অপসর্পন্তুতে ভূতাঃ যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভুতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তুতে সর্বে চণ্ডিকাস্ত্রেন তাড়িতাঃ॥" অতঃপর কুশোদক দ্বারা পশুকে প্রোক্ষণ করিবেন। অতঃপর "হূং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা ও ধেনুমুদ্রা (পৃঃ ১৫) দেখাইয়া "দুং" মূলমন্ত্র তত্ত্বমুদ্রা দ্বারা সাতবার পশুকে প্রোক্ষণপূর্বক—"এষঃ গন্ধঃ ও ছাগপশবে নমঃ। এষ পুষ্পঃ ওঁ ছাগপশবে নমঃ। এষ ধূপঃ ওঁ ছাগপশবে নমঃ। এষ দীপঃ ওঁ ছাগপাশবে নমঃ। এতৎ নৈবেদ্যম্ ওঁ ছাগপশবে নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজাপর্বক পশুর

শৃঙ্গে মন্ত্র পাঠপূর্বক সিন্দুর দিবেন। যথা—"ওঁ জবাকুসুম সঙ্কাশে কোটি সূর্য্য সমপ্রভে। সিন্দুরং কজ্জলাদিনী গৃহ্ন গৃহ্ন যথাসুখম্।।" অতঃপর পশুর কর্ণে পাঠ করিবেন—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ।" অতঃপর কোশায় ত্রিপত্র ও হরিতকী ধরিয়া সঙ্কল্প করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (পুরোহিতের নিজ গোত্র ও নাম) অমুকগোত্রস্য শ্রীঅমুক দেবশর্মণঃ বা দাসঃ (যজমানের গোত্র ও নাম) মনোগতাভীষ্টসিদ্ধিকাম (শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গা দেবতা প্রীমিকামঃ বা) ইমং ছাগপশুং বহ্নিদৈবতং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাদেব্যৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (পরার্থে—ঘাতয়িষ্যামি)।" অতঃপর—"ওঁ যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্।।" মন্ত্রে পাঠান্তে পশুর দেহে কুশোদক দিয়া খড়্গপূজা করিবেন।

খড়্গপূজা— খড়্গে সিন্দুরাদি দিয়া খড়্গমধ্যে মূলমন্ত্র (দুং) লিখিবেন। অতঃপর "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং কালি কালি বজ্রেশ্বরী লৌহদণ্ডায়ৈ নমঃ।" মন্ত্র পাঠান্তে খড়্গে গন্ধপুষ্পদ্বারা পূজা করিবেন। অতঃপর পুনরায় গন্ধপুষ্প লইয়া ধ্যান করিবেন। যথা—"ওঁ কৃষ্ণং পিণাকপাণিঞ্চ কালরাত্রি স্বরূপিণম্। উগ্রং রক্তাস্য নয়নং রক্তমাল্যানুলেপনম্।। রক্তাম্বরং ধরং চৈন পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংস্থিতম্।।" ধ্যানান্তে পুষ্পটি খড়্গোপরি দিয়া, খড়্গের অগ্রদেশে, মধ্যদেশে ও মূলদেশে সিন্দুর দ্বারা মূলমন্ত্র "দুং" লিখিবেন। অতঃপর সচন্দন পুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ হুং বাগীশ্বরী ব্রহ্মাভ্যাং নমঃ।" মন্ত্রে অগ্রদেশে গন্ধপুষ্প দিবেন। এইরূপে মধ্যদেশে—"এতে গন্ধপুষ্পে ওঁ হুং লক্ষ্মী-নারায়ণাভ্যাং নমঃ।" মূলদেশে—"এতে গন্ধপুষ্পে ওঁ হুং উমা-মহেশ্বরাভ্যাং নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মা বিষ্ণু শিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন। যথা—"ওঁ খড়্গায় খরশানায় শক্তিকার্য্যার্থ তৎপরঃ। পশুচ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গানাথ নমোঽস্তুতে।।" অতঃপর সচন্দন পুষ্পাদি লইয়া—"ওঁ অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্মপাল নমোঽস্তুতে।। এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ ব্রহ্মা বিষ্ণু শিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" অতঃপর করযোড়ে দেবীকে সমর্পণ করিবেন। যথা—

"ওঁ বলিং গৃহ্ন মহাদেবি পশুং সর্বগুণান্বিতম্। যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্।।" অতঃপর "আং হুং ফট্" মন্ত্রে পশুর স্কন্ধে খড়্গ স্পর্শ করাইবেন। অতঃপর স্তম্ভের পূজা করিবেন।

স্তম্ভপূজা—স্তম্ভে সিন্দুর ও জবার মাল্যাদি দিয়া পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ। এষ গন্ধঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ। এষ পুষ্পঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ। এষ ধূপঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ।" হস্তে অক্ষত (আতপ চাউল) লইয়া—"এতদামান্ন নৈবেদ্যং ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্তম্ভায় নমঃ।।" মন্ত্রে পূজাপূর্বক ধেনুমুদ্রা, যোনিমুদ্রা (পৃঃ ১৫) প্রদর্শন করিয়া খড়্গ ও মুণ্ডমুদ্রা প্রদর্শন করিবেন। পরে স্বয়ং বলিকর্মে অশক্ত হইলে সতর্কতাপূর্বক অন্যের দ্বারা এক আঘাতে ছেদন করাইবেন। *

খড়্গমুদ্রা

মুণ্ডমুদ্রা

* ছেত্তা পূর্বাস্যে ও বলি উত্তরাস্যে থাকিবে। অথবা বলি পূর্বাস্যে এবং ছেত্তা উত্তরাস্যে বসিবে। বলির পর পশুর ছিন্নমুণ্ড হইতে দন্তঘর্ষণজনিত "কট কট" শব্দ হইলে কর্তার মৃত্যু, চক্ষু হইতে জল পড়িলে হানি হইয়া থাকে। ছিন্নমুণ্ড পূর্বোত্তরদিকে পড়িলে সম্পৎলাভ, ঈশান ও অগ্নিকোণ মধ্যে পড়িলে সিদ্ধিলাভ এবং বায়ু বা নৈর্ঋতকোণে পড়িলে হানি হয়।

বলি ছেদনের পর রুধির পাত্রে মধু, ঘৃত, সৈন্ধব, কদলী ও গন্ধপুষ্প লইয়া তাহাতে সমাংস রুধির স্থাপনপূর্বক এবং ছিন্নশির উত্তরাস্যে স্থাপনপূর্বক ছাগশীর্ষে ঘৃতদীপ জ্বালিয়া দিয়া—"ওঁ আহারে রুধিরাকাঙ্ক্ষি বলিং গৃহ্ণ জয়ং কুরু। মম শত্রুবিনাশায় বলিং গৃহ্ণ সুরেশ্বরি॥" এষ সপ্রদীপছাগশীর্ষবলিঃ ওঁ দুং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ নমঃ।" অতঃপর—"বং এতস্মৈ সমাংস রুধির বলয়ে নমঃ।" মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া, "এতে গন্ধপুষ্পে এতস্মৈ সমাংসরুধির বলয়ে নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্প দিয়া—"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ঈশানায় নমঃ।" এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় দুং ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ। এষ সমাংস রুধির বলিঃ দুং ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ নমঃ।" মন্ত্রে উৎসর্গ করিবেন। অবশিষ্ট সমাংস রুধির চারিভাগ করিয়া বটুকাদি দেবতাদিগকে নিবেদন করিবেন। যথা— (বায়ুকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রুং বাং বটুকায় নমঃ।" এষ সমাংস রুধির বলিঃ ওঁ হ্রুং বাং বটুকায় নমঃ।" (ঈশানকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রুং যাং যোগিনীভ্যো নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হ্রুং যাং যোগিনীভ্যোঃ নমঃ।" (নৈর্ঋতকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রুং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হ্রুং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ।" (অগ্নিকোণে)—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রুং গাং গণপতয়ে নমঃ। এষ সমাংস রুধির বলিঃ ওঁ হ্রুং গাং গণপতয়ে নমঃ।"

বিঃ দ্রঃ—রুধির পাত্র এবং ছিন্নমুণ্ড দেবীর বামপার্শ্বে রাখিবেন। মহিষ হইলে দেবীর সম্মুখে রাখিয়া নিবেদন করিবেন।

মেষবলি—মন্ত্র সমস্তই একই প্রকার। শুধুমাত্র "ছাগপশবে নমঃ" স্থলে "মেষপশবে নমঃ" বলিবেন। সঙ্কল্প বাক্যে কিছু পৃথক আছে, যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ কার্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ যুগাদ্যায়াম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পূজকের গোত্র ও নাম) অমুকগোত্রস্য শ্রীঅমুক দেবশর্মণঃ (দাসঃ বা) মনোগতাভীষ্ট সিদ্ধিকাম (শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গা

প্রীতিকামো বা) ইমং মেষ পশুং বরুণদৈবতং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (পরার্থে—ঘাতয়িষ্যামি)।" "সপ্রদীপ মেষশীর্ষ বলয়ে নমঃ।" হইবে। অন্যান্য সমস্ত একই প্রকার।

অথ কুষ্মাণ্ডাদি বলি—কুষ্মাণ্ডদি ধৌত করিয়া সিন্দুরচর্চিত করিয়া—"বং এতস্মৈ কুষ্মাণ্ড বলয়ে নমঃ।" (কদলী হইলে—কদলী বলয়ে নমঃ। শশা হইলে—এপুষ বলয়ে নমঃ। বাতাবী হইলে—মধুকর্পটি বলয়ে নমঃ। আখ হইলে—ইক্ষুদণ্ড বলয়ে নমঃ। সুপারী হইলে—গুবাক বলয়ে নমঃ। আদা হইলে—আদ্রক বলয়ে নমঃ) মন্ত্র তিনবার পাঠপূর্বক তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে অমুকবলয়ে (যে ফল তাহার নাম উল্লেখ) নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে বনস্পতয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদান্যৈ দুং ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেতায়ৈ নমঃ।" এইরূপে উৎসর্গ করিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (পরার্থে—অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্মণঃ অমুক দাসঃ বা) শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাদেবতা প্রীতিকাম ইমং কুষ্মাণ্ড বলিং (বলির নাম উল্লেখ্য) বনস্পতি দৈবতম্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (পরার্থে—ঘাতয়িষ্যামি)।" এইরূপে উৎসর্গ করিয়া যথারীতি ছাগপশু বলিবৎ খড়্গপূজা ও স্তম্ভপূজা করিয়া ছেদন করিবেন বা করাইবেন।

অথ বলিবিঘ্ন শান্তি—এক আঘাতে বলি ছেদন করিতে হয়। তাহা না হইলে বহুবিধ দোষের কারণ হইয়া থাকে। এক আঘাতে বলি ছেদন না হইলে—সেই সমাংস রুধির দেবতাকে নিবেদন করিতে নাই। এইরূপ দোষ শান্তির জন্য ছিন্নবলির মাংসদ্বারা সহস্রহোম, এক মাষা পরিমাণ স্বর্ণদান এবং পূজিত দেবতার বীজমন্ত্র ও দুর্গাবীজ সহস্রবার জপ করিবেন। পরন্তু—"কলৌ সংখ্যা চতুর্গুণঃ" এই বচনানুসারে চারিগুণ করিতে হয়। অতঃপর পুনরায় বলি দিয়া তাহার সমাংস রুধির দেবতাকে নিবেদন করিবেন।

দীপমালা উৎসর্গ—প্রজ্বলিত প্রদীপগুলি কদলীপত্রে রাখিয়া উৎসর্গ করিবেন। যথা—"বং এতস্মৈ দীপমালায় নমঃ।" এই মন্ত্র তিনবার পাঠান্তে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ দীপমালায়ৈ নমঃ।" "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ।" মন্ত্রে শালগ্রাম শিলায় গন্ধপুষ্প দিয়া, "এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদান্যৈ দুঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ নমঃ।" মন্ত্রে গন্ধ পুষ্প দিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ দাসঃ বা) শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা প্রীতিকামঃ ইয়ৎসংখ্যক (২৮ হইলে—অষ্টাবিংশতি সংখ্যক। ১০৮ হইলে অষ্টোত্তর শত সংখ্যক) দীপমালাং ওঁ দুং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ তুভ্যমহং সম্প্রদদে (পরার্থে—দদানি)।"

দীপমালা উৎসর্গ করিয়া স্তব ও কবচ পাঠ করিবেন। অতঃপর—"দুং" মন্ত্রে প্রাণায়ামপূর্বক মূলমন্ত্র (দুং) ১০৮ বার জপ করিবেন। জপ শেষ হইলে একগণ্ডূষ জল গ্রহণ করিয়া—"ওঁ গুহ্যাতিগুহ্য গোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদান্মহেশ্বরি।।" মন্ত্রে দেবীর নিম্ন বামহস্ত উদ্দেশে জলগণ্ডূষ ত্যাগ করিয়া জপ সমর্পন করিবেন। অতঃপর প্রণাম করিবেন। যথা—"ওঁ সর্বমঙ্গলে মঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।"

কুলাচারবশতঃ এই সময় দুর্গানাম জপ ও দুর্গা কবচও এই সময় করা হয়। এই রূপে ত্রিকালীন পূজা করিবেন। প্রাতঃকালে সাত্ত্বিকী পূজা, মধ্যাহ্নে রাজসী পূজা, সায়াহ্নে তামসী পূজা করিবেন। সর্বশেষে তামসী পূজার পর বলিদানাদি করিয়া হোম করিবেন। হোম শেষে কুমারী পূজা করিবেন।

তান্ত্রিক হোমবিধি

হোতা পূর্বাভিমুখে বসিয়া কেশ-কীট-তুষাঙ্গারাদি বর্জিত বালুকাদ্বারা দৈর্ঘ্যে এবং প্রস্থে একহস্ত পরিমাণ সমচতুষ্কোণ স্থণ্ডিল (বেদী) নির্মাণপূর্বক তদুপরি প্রথমে একটি অধোমুখ ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিবেন। তাহার বাহিরে একটি অষ্টদলপদ্ম অঙ্কন করিয়া তাহার বাহিরে অর্থাৎ স্থণ্ডিলের প্রান্ত দিক্‌চতুষ্টয়ে দুইটি দুইটি রেখা দ্বারা ভূপুর অঙ্কিত করিয়া পূর্বাগ্রে তিনটি রেখা অঙ্কন করিবেন। অতঃপর মূলমন্ত্রে (দুং) স্থণ্ডিল অবলোকনপূর্বক "ফট্" মন্ত্রে কুশের অগ্রভাগ দ্বারা স্থণ্ডিল স্পর্শ করিয়া পুনরায় "ফট" মন্ত্রে জলদ্বারা স্থণ্ডিল অভ্যুক্ষণ করিবেন। অতঃপর স্থণ্ডিলোপরি পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা স্থণ্ডিলায় নমঃ।" (পূর্বে)—এতে গন্ধপুষ্পে ওঁ মুকুন্দায় নমঃ।" এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পুরন্দরায় নমঃ।" (উত্তরে)—"এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বৈবস্বতায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দবে নমঃ।" এইরূপে গন্ধপুষ্প দ্বারা পূজাপর্বৃক পূর্বাঙ্কিত যন্ত্রমধ্যে—"ওঁ দুং" মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান করিয়া "ওঁ" মন্ত্রে স্থণ্ডিল জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া বহ্নির যোগপীঠের অর্চনা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিপীঠদেবতাভ্যো নমঃ।" এইরূপে—"এতে গন্ধপুষ্পে ওঁ শ্বেতায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পীতায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অরুণায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কৃষ্ণায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ধূম্রায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ তীব্রায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ স্ফুলিঙ্গিন্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রুচিরায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ জ্বালিন্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া পুনরায় স্থণ্ডিলের পূর্বভাগে—"এতে গন্ধপুষ্পে ওঁ বামায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ জ্যেষ্ঠায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রৌদ্রৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অম্বিকায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রং বহ্ন্যাসনায় নমঃ।" মন্ত্রে পূজা করিবেন। অতঃপর—"ওঁ

বাগীশ্বরীমৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাম্। বাগীশ্বরেণ সংযুক্তাং ক্রীড়াভাবসমন্বিতাম্।।" মন্ত্রে ধ্যানান্তে—"এতে গন্ধপুষ্পে ওঁ বাগীশ্বর সহিত বাগীশ্বর্য্যৈ নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজাপূর্বক মূলমন্ত্র (দুং) উচ্চারণপূর্বক "বৌষট্" মন্ত্রে দীপস্থ অগ্নিকে অবলোকনপূর্বক নব মৃণ্ময় সরাবে অথবা তাম্রাদি পাত্রে "ফট্" মন্ত্রে অগ্নিগ্রহণ করিয়া মূলমন্ত্র (দুং) পাঠ করিয়া—"ওঁ হুং ক্রব্যাদেভ্যঃ স্বাহা।" মন্ত্রে গৃহীত অগ্নির কিয়দংশ নৈর্ঋতকোণে ত্যাগ করিয়া "বং" মন্ত্রে ধেনুমুদ্রা (১৫) প্রদর্শন করিয়া জানুদ্বয় ভূপাতিত করিয়া উভয় হস্তদ্বারা অগ্নিগ্রহণ করিয়া স্থণ্ডিলের উপর তিনবার ঘুরাইয়া অগ্নিকে শিববীজ ও স্থণ্ডিলকে দেবীযোনি চিন্তাপূর্বক আত্মাভিমুখে স্থণ্ডিল মধ্যে স্থাপন করিবেন। অতঃপর গন্ধপুষ্পদ্বারা—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং বহ্নিমূর্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রং বহ্নিচৈতন্যায় নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া—করযোড়ে পাঠ করিবে। যথা—"ওঁ চিৎ পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্বান্ জ্ঞাপয় স্বাহা।।" অতঃপর পুনর্বার করযোড়ে পাঠ করিবে—"ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্।।" মন্ত্র পাঠান্তে অগ্নির বন্দনা করিয়া নামকরণ ও আবাহন করিবেন। যথা—"ওঁ অগ্নে ত্বং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদেবতা নামাসি।" ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" অতঃপর সচন্দন পুষ্প লইয়া—"ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্বকর্মাণি সাধয় সাধয় স্বাহা। এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ।" "এষ গন্ধঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ। এষ পুষ্পঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ। এষ ধূপঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ। এতৎ আজ্য নৈবেদ্যম্ ওঁ শ্রীশ্রীজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতা নামাগ্নয়ে নমঃ।" মন্ত্রে কিঞ্চিৎ ঘৃতাহুতি দিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নের্হিরণ্যাদি সপ্তজিহ্বাভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সহস্রার্চিষে হৃদয়ায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নে ষড়ঙ্গেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নয়ে জাতবেদসে

নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নেরষ্টমূর্তিভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ।" মন্ত্রে পূজা করিবেন। অতঃপর স্রুব (কুশী) অধোমুখে তিনবার অগ্নিতে প্রতপ্ত করিয়া তাহার অগ্র, মধ্য ও মূলদশ তিনবার যথাক্রমে কুশদ্বারা সম্মার্জন করিবেন।এইভাবে আজ্যস্থালী (ঘৃতপাত্র) তিনবার সংস্কার করিবে। অনন্তর কুশাগ্রদ্বয় নির্মিত পবিত্র ঘৃতমধ্যে নিক্ষেপ করিয়া বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলা এবং মধ্যে সুষুম্না নাড়ী ভাবনা করতঃ, ঘৃত লইয়া—"ওঁ অগ্নয়ে স্বাহা।" "ওঁ সোমায় স্বাহা।" "ওঁ অগ্নিসোমাভ্যাং স্বাহা।" মন্ত্রে তিনবার ঘৃতাহুতি দিয়া পুনরায়—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা।" মন্ত্রে দুইবার আহুতি দান করিবেন। অতঃপর মহাব্যাহৃতিহোম করিবেন। যথা—"ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা।" "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্বকর্মাণি সাধয় স্বাহা।" এই মন্ত্রটি তিনবার পাঠপূর্বক তিনবার ঘৃতাহুতি দিবেন। অতঃপর—"ওঁ অগ্নের্গর্ভাধানাদিসংস্কারং সম্পাদয়ামি স্বাহা।" মন্ত্রে ঘৃত আহুতি দিয়া—"পীঠাদি সহিত ওঁ দুং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া মূলমন্ত্রে (ওঁ দুং স্বাহা) মন্ত্রে পঞ্চবিংশতিবার ঘৃতাহুতি দিবেন। অতঃপর অগ্নি ও দেবতা একত্ব চিন্তা করিয়া পুনরায় (ওঁ দুং স্বাহা) মন্ত্রে একাদশবার আহুতি দিবেন। অতঃপর সঙ্কল্প করিবেন। সঙ্কল্প যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ যুগাদ্যায়াম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা মৎসঙ্কল্পিত সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠশিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গা পূজাকর্মাঙ্গীভূত হোমকর্মণি "ওঁ দুং শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গায়ৈ স্বাহা। (অথবা— ওঁ জয়ন্তী মঙ্গলাকালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোহস্তুতে স্বাহা।।) ইতি মন্ত্রেণ পঠিতেন ইয়ৎসংখ্যক (সংখ্যা উল্লেখ্য) সাজ্যবিল্বপত্রৈঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাপ্রীতয়ে হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।।" অতঃপর সঙ্কল্পানুযায়ী বিল্বপত্র লইয়া—"ওঁ এতৎ সংখ্যক (সংখ্যা উল্লেখ) সাজ্যবিল্বপত্রেভ্যো নমঃ।" "এতদধিপতয়ে দেবায় ব্রহ্ম-বিষ্ণু-শিবায় নমঃ।"

এইরূপে অর্চনা করিয়া যথাযথ মন্ত্রে একটি করিয়া সাজ্য বিল্বপত্র চিৎহস্তে আহুতি দিবেন। এবং হুতশেষ (হাতঝাড়া) অপর একটি পাত্রে রাখিবেন। অতঃপর যজ্ঞডুমুর সমিধদ্বারা—"ওঁ তদ্বিষ্ণো পরমং পদম্ সদা পশ্যন্তি সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম স্বাহা।" মন্ত্রে বিষ্ণুর এবং "ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধি পুষ্টিবর্দ্ধনম্। উর্বারুক মিববন্ধনার্মৃত্যোমুক্ষীয় মামৃতাৎ ওঁ নীলকণ্ঠ শিবায় স্বাহা।" মন্ত্রে নীলকণ্ঠ শিবের ব্রাহ্মাদ্য অষ্টশক্তির, "জয়ন্ত্যাদি একাদশ শক্তিভ্যঃ স্বাহা।" মন্ত্রে জয়ন্ত্যাদি একাদশ শক্তির, অসিতাঙ্গাদি অষ্টভৈরবের, আদিত্যাদি নবগ্রহের, ইন্দ্রাদি দশদিকপালের, বটুকগণের, ক্ষেত্রপালগণের এবং "ডাকিনীভ্যোঃ স্বাহা।" মন্ত্রে ডাকিনীগণের "ওঁ যোগিনীভ্যোঃ স্বাহা।" মন্ত্রে যোগিনীগণের হোম করিয়া—"ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা, ওঁ ঐং সরস্বত্যৈ স্বাহা। ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ স্বাহা। ওঁ হ্রীং শ্রীং শীতলায়ৈ স্বাহা। ওঁ হ্রীং মনসায়ৈ স্বাহা। ওঁ গাং গঙ্গায়ৈ স্বাহা। ওঁ যাং যমুনায়ৈ স্বাহা। ওঁ কুলদেব-দেবীভ্যো স্বাহা। ওঁ সর্বাভ্যো দেব-দেবীভ্যো স্বাহা।" মন্ত্রে হোম করিয়া— (ওঁ দূং স্বাহা) মন্ত্রে পূর্ণাহুতি দিয়া— স্থণ্ডিলের ঈশান কোণে কিঞ্চিৎ জল দিবেন। মন্ত্র যথা—"ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ।" অতঃপর কিঞ্চিত দুগ্ধ বা দধি লইয়া—"ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব।" মন্ত্রে অগ্নির বিসর্জন করিয়া স্থণ্ডিলের ঈশানকোণ হইতে কিঞ্চিৎ ভস্ম লইয়া অগ্রে নারায়ণ শিলায় ও ঘটে দিয়া যজমানের ও নিজের যথাযথ স্থানে মন্ত্র পাঠান্তে দিবেন। যথা (ললাটে) — "ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্।" (কণ্ঠে) —"ওঁ জমদগ্নেঃ ত্র্যায়ুষম্।" (বাহুমূলে)—"ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষম্।" (হৃদয়ে)—"ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষম্।" এইরূপে তিলক ধারণ করিয়া, পুনরায় প্রাণায়ামপূর্বক যথাশক্তি মূলমন্ত্র জপ ও জপ সমর্পন করিয়া দক্ষিণান্ত করিবেন।

দক্ষিণান্ত—দক্ষিণাদ্রব্য একটি পাত্রে রাখিয়া অর্চনাদি করিবেন। যথা—"বং এতস্মৈ কাঞ্চনমূল্যায় (রৌপ্যখণ্ডায়, হরিতকী ফলায় বা) নমঃ।" মন্ত্রে তিনবার কুশোদক দ্বারা অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ কাঞ্চনমূল্যায় (রৌপ্যখণ্ডায়, হরিতকী ফলায় বা নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্প দিয়া—"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ।" "এতে গন্ধপুষ্পে এতৎ

সম্প্রদানায় ওঁ সায়ুধবাহনপরিবার শ্রীমন্নীলকণ্ঠশিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ।" মন্ত্রে সচন্দন পুষ্প দিয়া, সম্প্রদান করিয়া, কোশায় তিল, কুশ, হরিতকী ধারণ করিয়া উৎসর্গ বাক্য পাঠান্তে উৎসর্গ করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাস্তিথৌ যুগাদ্যায়াম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—শ্রীঅমুকগোত্রস্য শ্রীঅমুক সঙ্কল্পিত দেবশর্মণ বা দাসস্যঃ সঙ্কল্পিত) সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠ শিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীপূজাতদ্ধোমকর্ম-সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং (হরিতকীফলং বা) শ্রীবিষ্ণুর্দেবতং সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠ শিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবতায়ৈ তুভ্যমহং সম্প্রদদে। (পরার্থে—দদানি)।" অতঃপর অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবেন।

অচ্ছিদ্রাবধারণ—"ওঁ কতৈতৎ সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠ শিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাপূজা কর্মাচ্ছিদ্র মস্তু।।" অতঃপর বৈগুণ্য সমাধান করিবেন।

বৈগুণ্য সমাধান—দক্ষিণ হস্তে জলগণ্ডুষ লইয়া—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাস্তিথৌ যুগাদ্যায়াম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুক দেবশর্মণঃ দাসঃ বা) সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠ শিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাপূজা কর্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় শ্রবিষ্ণোর্নাম স্মরণমহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি)।" অতঃপর দশবার—"ওঁ শ্রীবিষ্ণুঃ।" স্মরণ করিবেন। অতঃপর দক্ষিণহস্তে কিঞ্চিৎ সামান্যার্ঘ্যের জল লইয়া—"ওঁ ইতঃ পূর্বং প্রাণবুদ্ধিদেহধর্মাধিকারতোজাগ্রতস্বপ্নসুষুপ্তাবস্থাসু কর্মণা মনসা বাচা হস্তাভ্যাং পাদ্যামুদরেণ শিশ্না যৎ কৃতং যৎ স্মৃতং তৎসর্বং মাং মদীয়ঞ্চ সকলং সম্যক্ সমস্ত কর্মফলং সায়ুধবাহন পরিবার শ্রীমন্নীলকণ্ঠ শিবসহিত শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবীচরণে সমর্পয়ামি স্বাহা।।" ওঁ তৎসৎ।।"

জগদ্ধাত্রী স্তোত্রম্

শ্রীশিব উবাচ। ওঁ আধারভূতে চাধেয়ে ধৃতিরূপে ধুরন্ধরে। ধ্রুবে ধ্রুবপদে ধীরে জগদ্ধাত্রী নমোঽস্তুতে॥ শবাকারে শক্তিরূপে শক্তিস্থে শক্তিবিগ্রহে। শাক্ত্যাচারপ্রিয়ে দেবী জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ পরমাণুস্বরূপে চ প্রাণাপ্রাণাদিরূপিণি। স্থূলাতিসূক্ষ্মরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে চ দ্ব্যণুকাদিস্বরূপিণি। ভাবাভাবস্বরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ কালাদিরূপে কালেশে কালাকাল-বিভেদিনি। সর্বস্বরূপে সর্বজ্ঞে জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ মহাবিঘ্নে মহোৎসাহে মহামায়ে বরপ্রদে। প্রপঞ্চসারে সাধ্বীশে জগদ্ধাত্রি নমোঽস্তুতে। অগম্যে জগতামাদ্যে মাহেশ্বরি বরাঙ্গণে। অশেষরূপে রূপস্থে জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ দ্বিসপ্তকোটি মন্ত্রাণাং শক্তিরূপে সনাতনি। সর্বশক্তি স্বরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ তীর্থযজ্ঞতপোদান যোগসারে জগন্ময়ি। ত্বমেব সর্বং সর্বস্থে জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ দয়ারূপে দয়াদৃষ্টে দয়ার্দ্রে দুঃখমোচনি। সর্বপত্তারিকে দুর্গে জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥ অগম্যধামধামস্থে মহাযোগীশহৃৎপুরে। ত্বমেব ভাবকূটস্থে জগদ্ধাত্রি নমোঽস্তুতে॥—ইতি জগদ্ধাত্রীকল্পে জগদ্ধাত্রী স্তোত্রম্।

জগদ্ধাত্রী কবচম্

অস্য শ্রীজগদ্ধাত্রীকবচস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীশ্রীজগদ্ধাত্রীদেবতা হ্রীং বীজং দূং শক্তিঃ স্বাহা কীলকং সর্বমঙ্গলার্থে বিনিয়োগঃ॥ শ্রীশিব উবাচ। ওঁ অতিগুহ্যতমং দেবি কবচং কথয়ামি তে। যদ্দৃষ্টা দেবদেবেশি দেবদেবো জনার্দ্দনঃ॥ ব্রহ্মাপি ব্রহ্মবিদ্ভূত্বা স্বকার্য্যে শক্তিমানভূৎ। কিমন্যে স্তন্মহাপুণ্যং সর্বতীর্থ ফলপ্রদম্॥ পাবনং পরমং দিব্যং দেবতানাং সুদুর্লভম্। মহাশান্তিকরং শান্তং সর্বমঙ্গলকারণম্॥ সর্বব্যাধিহরং সর্বসুখদং কামদং সদা। নারদশ্চ ঋষিঃ প্রোক্তো গায়ত্রীচ্ছন্দ উচ্যতে॥ দেবতা চ জগদ্ধাত্রী মায়াবীজস্তু বীজকম্। দূং শক্তিঃ কীলকং দেবি বহ্নিকান্তাস্য দেবিকা॥ ওঁ দূং বীজং মে শিরঃ পাতু বদনে ত্র্যক্ষরী পরা। হ্রীং দূং ফট্ পাতু মে কণ্ঠে হ্রীং দূং স্বাহা চ নাসিকাম্॥ স্ত্রীং দূং ফট্ হৃদয়ে পাতু ক্লীং দূং ফট্ স্তনযুগ্মকে। ঐ দূং স্বাহা পাতু কুক্ষৌ ওঁ দূং ফট্ কটিদেশকে॥ হ্রীং দূং নিতম্বে চ তথা শ্রীং দূং স্বাহা চ জঙ্ঘয়োঃ। স্ত্রীং দূং স্বাহা পাদযুগ্মে ক্লীং দূং স্বাহা চ শেযাসি। হ্রীং দূং স্বাহা চ সর্বাঙ্গে কেশেষু সকলেষু চ। ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহেতি সর্বসন্ধিষু॥ সর্বকার্য্যেষু সর্বত্র জগদ্ধাত্রী সদাবতু। সম্পত্তৌ চ বিপত্তৌ চ জগদ্ধাত্রী জয়প্রদা॥ পাতু মাং পরমেশানী পরিবারগণৈরপি। আদ্যা ব্রহ্মময়ী দুর্গা জগদ্ধাত্রী জয়প্রদা॥ অন্নদা ত্রিপুরা দুর্গা ত্বরিতা সিংহবাহিনী। সরস্বতী তথা লক্ষ্মীর্জয়দুর্গাঽভয়া তথা॥ ভুবনেশী চ মাহেশী বজ্রপ্রস্তারিণী পরা। পরিবারগণান্ পায়াদেতান্ পর্বতকন্যকা॥ জয়াদ্যাঃ পান্তু সর্বত্র ইন্দ্রাদ্যাঃ পান্তু সর্বদা। ইতি তে কথিতং দেবি সর্বমঙ্গলে কারণম্। ধারণাৎ পঠনাৎ প্রাজ্ঞঃ সর্বমঙ্গলমাপ্নুয়াৎ॥ নান্যং পরতরং দেবি ত্রিষু লোকেষু দুর্লভম্। বন্ধ্যাপি লভতে পুত্রং নাত্র কার্য্যা বিচারণা॥ ঘটং বিচিত্রং সংস্থাপ্য তাম্রাদিপাত্রমধ্যগে। গোরোচনাগুগ্গুলাভ্যাং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ॥ সাধকেন লিখিত্বা চ মালীকৃতামিদং পুনঃ। স্থাপয়িত্বা প্রতিষ্ঠাপ্য যন্ত্রবচ্ছোধনঞ্চরেৎ॥ ইতি তে কথিতং দেবি সারাৎসারাৎ পরাৎপরম্। ন কস্যচিৎ প্রদাতব্যং গোপিতং শাস্ত্রসঞ্চয়ে॥—ইত্যাগমমহার্ণবে হর-পার্বতী সংবাদে জগদ্ধাত্রী কবচম্ সমাপ্তম্।

কুমারী পূজা

প্রমাণম্—হোমাদিকং হি সকলং কুমারী পূজনং বিনা। পরিপূর্ণ ফলং ন স্যাৎ পূজয়া তদ্ ভবেদ্ ধ্রুবম্॥—জ্ঞানার্ণব ও রুদ্রযামল।

অর্থাৎ—পূজা, হোমাদি সমস্ত কার্য্য কুমারী পূজা ব্যতিরেকে পরিপূর্ণ ফললাভ করা যায় না। অতএব যাঁহারা কুমারী পূজা করিবেন তাঁহাদের হোমের পর উহা কর্তব্য।

পূজা প্রয়োগ—কুমারীকে পূজামণ্ডপে আনিয়া নববস্ত্রাদি পরিধান করাইয়া পুষ্পমাল্য ও সিন্দুরাদির দ্বারা সুসজ্জিত করিয়া আসনে বসাইবেন। অতঃপর স্ববেদোক্ত স্বস্তিবাচন করিবেন। যথা—"ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীপূজা-কর্মাঙ্গীভূত কুমারীপূজা কর্মণি, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী পূজা-কর্মাঙ্গীভূত কুমারীপূজা কর্মণি, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীপূজা-কর্মাঙ্গীভূত কুমারীপূজা কর্মণি, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্॥" অতঃপর স্ববেদোক্ত (পরার্থে—যজমানের বেদোক্ত) স্বস্তিসূক্ত পাঠপূর্বক সঙ্কল্প করিবেন।

সঙ্কল্প—তাম্রপাত্রে তিল, হরিতকী, কুশ, পুষ্পাক্ষতাদি লইয়া বীরাসনে উত্তরাস্যে বসিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ যুগাদ্যায়াম্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রী পূজাকর্মণি পরিপূর্ণ ফলপ্রাপ্তিকামঃ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ দাসো বা) শ্রীশ্রীকুমারীপূজনমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)॥" এইরূপে সঙ্কল্প করিয়া সঙ্কল্পসূক্ত পাঠপূর্বক কুমারী র ধ্যান করিবেন।

ধ্যান—"ওঁ বালরূপাঞ্চ ত্রৈলোক্যসুন্দরীং বরবর্ণিনীম্। নানালঙ্কার ভূষাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীম্॥ চারুহাস্যাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাম্। ধ্যায়েৎ কুমারীং জননীং পরমানন্দরূপিণীম্॥" ধ্যানান্তে যথাশক্তি উপচারে পূজা করিবেন। যথা—রজতাসন লইয়া—" বং এতস্মৈ রজতাসনায় নমঃ।" মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ রজতাসনায় নমঃ।" মন্ত্রে উহাতে গন্ধপুষ্প দিয়া—"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ।" মন্ত্রে শালগ্রাম শিলায় গন্ধপুষ্প দিয়া—"এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদান্যৈ ওঁ ঐং হ্রীং শ্রীং হুং হেসৌঃ অমুককুমার্য্যৈ নমঃ॥" (অমুকস্থলে—

কুমারীর বয়স অনুসারে নামোল্লেখ করিবেন)।*

এইরূপে সমস্ত উপচার অর্চনা করিয়া নিবেদন করিবেন। পূজান্তে কুমারীর ষড়ঙ্গপূজা করিবেন। যথা—"ওঁ ঐং হ্রীং শ্রীং কুলকুমারীকে হৃদয়ায় নমঃ। ওঁ হৈং বৈং হ্রীং শ্রীং ঐং স্বাহা শিরসে স্বাহা নমঃ। ওঁ ঐং হ্রীং শিখায়ৈ বষট্ নমঃ। ওঁ ঐং কুলবাগীশ্বরী কবচায় হুং নমঃ। ওঁ ঐং কলেশ্বরী নেত্রত্রয়ায় বৌষট্ নমঃ। ওঁ হ্রীং অস্ত্রায় ফট্ নমঃ।" অতঃপর আবরণ দেবতাগণের পূজা করিবেন।

আবরণদেবতাগণের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ সপরিবারায় বালভৈরবায় নমঃ।" এইক্রমে—"ওঁ ঐং সিদ্ধজয়ায় পূর্ববক্ত্রায় নমঃ। ওঁ ঐং হ্রীং শ্রীং কুব্জিকে পশ্চিমবক্ত্রায় নমঃ।" অনন্তর প্রাণায়াম করিয়া যথাশক্তি মূলমন্ত্র (ওঁ ঐং হ্রীং শ্রীং হুং হেসৌঃ) জপপূর্বক—"গুহ্যাতিগুহ্য গোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি তৎপ্রসাদাৎ সুরেশ্বরী॥" মন্ত্রে কুমারীর বামহস্তোদ্দেশে জপ সমর্পন করিয়া প্রণাম করিবেন। যথা—"ওঁ নমামি কুলকামিনীং পরমভাগ্যসন্দায়িনীং। কুমারীবরচাতুরীং সকলসিদ্ধিদানন্দিনীম্॥ প্রবালগুটিকাস্রজং রজতরাগবস্ত্রান্বিতাং। হিরণ্য কুলভূষণাং ভুবনবাককুমারীং ভজে॥" অতঃপর দক্ষিণান্ত করিবেন।

দক্ষিণান্ত—যথারীতি দক্ষিণার অর্চনান্তে উৎসর্গ বাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যান্তিথৌ যুগাদ্যায়াম্ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীপূজা কর্মণি পরিপূর্ণ ফলপ্রাপ্তিকামঃ অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ বা দাসঃ) শ্রীশ্রীকুমারীপূজা কর্মণ সাঙ্গতার্থং যৎকিঞ্চিৎ দক্ষিণামিদং (কাঞ্চনমূল্যং,

* একবর্ষীয়া কুমারীর নাম সন্ধ্যা, এইরূপ দ্বিবর্ষীয়া কুমারী সরস্বতী, ত্রিবর্ষীয়া কুমারী ত্রিধামূর্তি, চতুর্বর্ষীয়া কালিকা, পঞ্চমবর্ষীয়া সুভগা, ষড়বর্ষীয়া উমা, সপ্তমবর্ষীয়া মালিনী, অষ্টমবর্ষীয়া কুব্জিকা, নবমবর্ষীয়া কালসন্দর্ভা, দশমবর্ষীয়া অপরাজিতা, একাদশবর্ষীয়া রুদ্রাণী, দ্বাদশবর্ষীয়া ভৈরবী, ত্রয়োদশবর্ষীয়া মহালক্ষ্মী, চতুর্দশবর্ষীয়া পীঠনায়িকা, পঞ্চদশবর্ষীয়া ক্ষেত্রজ্ঞা এবং ষোড়শবর্ষীয়া কুমারী অম্বিকা নামে অভিহিতা হয়। কুমারী যতদিন পর্যান্ত ঋতুমতী না হয়, তদবধি তাহাকে পূজা করা চলে।

রজতখণ্ডং, হরিতকীফলং বা) শ্রীশ্রীঅমুক কুমার্য্যৈ (কুমারীর বয়স অনুসারে নাম) তুভ্যমহং সম্প্রদদে। (পরার্থে—দদানি)।"

অচ্ছিদ্রাবধারণ—"কৃতৈতৎ কুমারীপূজাকর্মাচ্ছিদ্রমস্তু।"

বৈগুণ্য সমাধান—কৃতৈতৎ অমুক কুমারী পূজা কর্মণি যদযদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় শ্রীবিষ্ণোর্নাম স্মরণমহং করিষ্যে। অতঃপর দশবার "শ্রীবিষ্ণুঃ" স্মরণ করিবেন। অতঃপর কুমারীকে তৃপ্তিসহকারে ভোজন করাইবেন।

পুষ্পাঞ্জলি মন্ত্র

আয়ুর্দেহি যশোদেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্বান্ কামাংশ্চ দেহি মে।। ওঁ ভগবতি ভয়চ্ছেদে ভবতারিণি কামদে। শঙ্করি কৌশিকি ত্বং হি কাত্যায়নি নমোঽস্তুতে।। ওঁ (নমো) প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। কলদ্যোতকরে দেবি জয়ং দেহি নমোঽস্তুতে।। এষ পুষ্পাঞ্জলিঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ।। ১।।

ওঁ (নমো) দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্বাশুভনিবারিণি। ধর্মার্থ মোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব।। ওঁ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাং শঙ্করপ্রিয়ে। মহিষাসৃঙ্‌মদোন্মত্তে প্রণতোঽস্মি প্রসীদ মে।। এষ পুষ্পাঞ্জলিঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ।। ২।।

ওঁ (নমো) হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্। হর রোগ হর ক্ষোভং হরমারী হরপ্রিয়ে।। ওঁ (নমো) কালি কালি মহাকালি কালিকে পাপহারিণি। ধর্মার্থ মোক্ষদে দেবি নারায়ণি নমোঽস্তুতে।। ওঁ (নমো) মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনী। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তুতে।। ওঁ (নমো) আয়ুর্দদাতু মে কালি পুত্রান্ দেহি সদাশিবে। ধনং দেহি মহামায়ে নারসিংহি যশো মম।। এষ পুষ্পাঞ্জলিঃ শ্রীশ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ।। ৩।।" অতঃপর প্রার্থনা মন্ত্র করযোড়ে পাঠ করিবেন।

প্রার্থনা মন্ত্র—"ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি। যৎপূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে।। ওঁ কায়েন মনসা বাচা ত্বত্তো নান্য গতির্মম। অন্তশ্চারেণ ভূতানাং দ্রাষ্ট্রি ত্বং পরমেশরি।।" অতঃপর "সর্বমঙ্গল্য মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।" মন্ত্রে প্রণাম করিবেন।

বিজয়াকৃত্যম্

পরদিন নিত্যক্রিয়া সমাপনপূর্বক সামান্য স্থাপন হইতে ভূতশুদ্ধি পর্য্যন্ত কার্য্য সমাপনান্তে, যথাশক্তি উপচারে সপরিবারে দেবীর পূজা করিয়া আরত্রিক এবং দধিকরম্ব (দধ, চিপিটক, মুড়কী, মিষ্টান্ন) নিবেদন করিয়া করযোড়ে প্রার্থনা মন্ত্র পাঠ করিবেন।

প্রার্থনা মন্ত্র—"ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চিতম্। পূর্ণং ভবতু তৎ সর্বং তৎ প্রসাদান্মহেশ্বরি।।"

সংহারমুদ্রা

অতঃপর "নির্মাল্যবাসিন্যৈ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ।" মন্ত্রে নির্মাল্য দ্বারা ঘটোপরি চণ্ডেশ্বরীর পূজা করিয়া যোনিমুদ্রা (পৃঃ ১৫) এবং সংহারমুদ্রা প্রদর্শনপূর্বক বিসর্জন করিবেন। যথা—"ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুস্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ।। ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে।। ব্রজ ত্বং স্রোতসি জলে গৃহে তিষ্ঠ বিভুতয়ে। সংবৎসর ব্যতীতে তু পুনরাগমনায় চ।।" মন্ত্র পাঠান্তে দেবিপ্রতিমা এবং ঘট কিঞ্চিৎ চালনা করিবেন। অতঃপর—"ওঁ নিমজ্জম্ভসি দেবি ত্বং ভক্তিতঃ জগদম্বিকে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া।।" মন্ত্রে প্রতিমা (দর্পণ) হরিদ্রাক্ত জলে স্থাপন করিয়া সূতা কাটিয়া দিবেন এবং দর্পণ প্রতিবিম্বে দেবীর চরণ দর্শন করিবেন।—ইতি বিজয়াকৃত্যম।

অপরাজিতা পূজা

বিজয়াকৃত্য শেষ করিয়া আচারানুসারে অপরাজিতা পূজা করা হয়। তাম্রপাত্রে রক্তচন্দনলিপ্ত করিয়া তাহাতে অষ্টদল পদ্ম অঙ্কন করিবেন। অতঃপর উক্ত অষ্টদলপদ্মোপরি শ্বেত অপরাজিতা লতা মূলসহ স্থাপনপূর্বক আচমন ও বিষ্ণুস্মরণাদি করিয়া

স্বস্তিবাচন করিবেন। যথা—"ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীঅপরাজিতা পূজা কর্মণি, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহম্॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীঅপরাজিতা পূজা কর্মণি, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীঅপরাজিতা পূজা কর্মণি, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্॥" অতঃপর সবেদোক্ত (পরার্থে—যজমানের বেদোক্ত) স্বস্তিসূক্ত পাঠ করিবেন।

স্বস্তিসূক্ত (সাম)—"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্॥ ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥" (যজুঃ)—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি ন পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ গণানাস্ত্বা গণপতিগুঁ হবামহে, ওঁ প্রিয়ানাস্ত্বা প্রিয়পতিগুঁ হবামহে, ওঁ নিধিনাস্ত্বা নিধিপতিগুঁ হবামহে, বসো মম॥ ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥" অতঃপর "সূর্য্যঃ সোমো যমঃ কালঃ" ইত্যাদি সাক্ষ্যমন্ত্র পাঠান্তে সঙ্কল্প করিবেন।

সঙ্কল্প—"বিষ্ণুরোঁ তৎসদদ্য কার্ত্তিকেমাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে দশম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ দাসঃ বা) মোক্ষকামঃ শ্রীশ্রীঅপরাজিতা পূজনমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।" অতঃপর স্ববেদোক্ত (পরার্থে—যজমানের বেদোক্ত) সঙ্কল্পসূক্ত পাঠ করিবেন।

সঙ্কল্পসূক্ত (সাম)—"ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাঃ বিবষ্টাসিচম্। উদ্বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদিদ্ বো দেব ওহতে॥" (যজুঃ)—"ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং, তদুসুপ্তস্য তথৈবৈতি, দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মমঃ শিবসঙ্কল্পমস্তু॥" অতঃপর কুশী তাম্রটাটে উপুড় করিয়া দিয়া তদুপরি সচন্দন পুষ্প দিয়া বলিবেন—"ওঁ সঙ্কল্পিতেঽস্মিন্ কর্মণি সিদ্ধিরস্তু।" (ওঁ অস্তু—প্রতিবচন) "ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু॥" (ওঁ ভবতু —প্রতিবচন)।

অতঃপর সামান্যার্ঘ্য স্থাপনাদি করিয়া গণেশাদি পঞ্চদেবতার পূজাপূর্বক "ঐং" মন্ত্রে প্রাণায়াম করিয়া করাঙ্গন্যাস করিবেন।

করন্যাস—"আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা। উং মধ্যমাভ্যাং বষট্। ঐং অনামিকাভ্যাং হুং। ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্॥" অঙ্গন্যাস—আং হৃদয়ায় নমঃ। ঈং শিরসে স্বাহা। উং শিখায়ৈ বষট্। ঐং কবচায় হুং। ঔং নেত্রত্রয়ায় বৌষট্। অঃ অস্ত্রায় ফট্॥" অতঃপর ঋষ্যাদিন্যাস করিবেন।

ঋষ্যাদিন্যাস—শিরসি—"ওঁ বেদব্যাস ঋষয়ে নমঃ।" মুখে—"অনুষ্টুপ্‌ছন্দসে নমঃ।" হৃদি—"ওঁ অপরাজিতায়ৈ দেবতায়ৈ নমঃ।" গুহ্যে—"ওঁ ঐং বীজায় নমঃ।" পাদয়ো—"ওঁ হ্রীং শক্তয়ে নমঃ।" সর্বাঙ্গে—"ওঁ ঐং কীলকায় নমঃ।" অতঃপর কূর্মমুদ্রায় (পৃঃ ১৫) পুষ্প লইয়া দেবীর ধ্যান করিবেন।

ধ্যান—"ওঁ নীলোৎপলদলশ্যামাং ভুজগাভরণোজ্জ্বলাম্। বালেন্দুমৌলিনীং দেবীং নয়নত্রিতয়ান্বিতাম্॥ শঙ্খচক্রধরা দেবীং বরদাং ভয়নাশিনীম্। পীনোত্তুঙ্গস্তনাং শ্যামাং বরপদ্মসুমালিনীম॥" ধ্যানান্তে পুষ্পটি নিজমস্তকে দিয়া মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবেন। অতঃপর পুনরায় ধ্যান করিয়া মণ্ডলমধ্যে পুষ্পপ্রদান করিয়া দেবীর আবাহন করিবেন। যথা—"ঐং শ্রীশ্রীঅপরাজিতা দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" এইরূপে আবাহন্যাদি পঞ্চমুদ্রাদ্বারা আবাহন করিয়া—"ওঁ ঐং হ্রীং অপরাজিতা দেব্যৈ নমঃ।" মন্ত্রে ষোড়শোপচার বা দশোপচার পূজা করিবেন। অতঃপর "ক্রিয়াশক্তি জয়ে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন্যাদি পঞ্চমুদ্রাদ্বারা ক্রিয়াশক্তি জয়ার আবাহন করিয়া—"ওঁ ক্রিয়াশক্তি জয়ায়ৈ নমঃ।" মন্ত্রে যথাশক্তি উপচারে পূজা করিবেন। অতঃপর করযোড়ে প্রার্থনা করিবেন। যথা—"ইমাং পূজাং ময়া দেবি যথাশক্তি নিবেদিতম্। রক্ষার্থন্তু সমাদায় ব্রজ স্বস্থানমুত্তমম্॥" অতঃপর আরত্রিকাদি

সমাপ্ত করিয়া প্রণাম করিবেন। প্রণাম মন্ত্র—"ওঁ হারেণ তু বিচিত্রেনভাস্বৎ কনকমেখলা। অপরাজিতা রুদ্রলতা করোতু বিজয়ং মম।।"

অনন্তর দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধানপূর্বক পূজা সমাপ্ত করিবেন।—ইতি অপরাজিতা পূজা।

তান্ত্রিক শান্তিমন্ত্র

"ওঁ সুরাস্তামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ।। প্রদ্যুম্নশানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে।। ওঁ আখণ্ডলোহগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতিস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিকপালাঃ পান্তু তে সদা।। ওঁ কীর্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা শ্রদ্ধা পুষ্টিঃ ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ কান্তিঃ শান্তিস্তুষ্টিশ্চ মাতরঃ। এতাস্তামভিষিঞ্চন্তু ধর্মপত্ন্যাঃ সুসংযতাঃ।। ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্তামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চতর্পিতাঃ।। ওঁ ঋষয়ো মুনয়ো (মনবো) গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যা ধ্রুবা নাগা দৈত্যাশ্চপ্সরসাং গণাঃ। অস্ত্রাণি সর্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চয়ে।। ওঁ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদাঃ নদাঃ। দেবদানবগন্ধর্বাঃ যক্ষরাক্ষসপন্নগাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্মকামার্থ সিদ্ধয়ে। ওঁ শান্তিঃ, ওঁ শান্তিঃ, ওঁ শান্তিঃ।।"

ইতি জগদ্ধাত্রী পূজাপদ্ধতি সমাপ্তম্।

একমাত্র প্রকাশক: বেণীমাধব শীল'স পঞ্জিকা পাবলিকেশন্'স • ৩১, অবিনাশ কবিরাজ স্ট্রীট, কোলকাতা-৭০০ ০০৫